# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোন-০৯২১-৬২৪০৪।

সূত্রঃ মাভাবিপ্রবি/ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩/১৮৫/ তারিখঃ ১২-০৮-২০২৩

## GST ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের GST গুচ্ছর্ভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পদ্ধতিতে A, B ও C ইউনিটে মেধা তালিকা, মুক্তিযোদ্ধা, উপজাতি ও পোষ্য কোটায় যে সকল শিক্ষার্থী ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা জমা দিয়ে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি হয়েছেন এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেটেড হয়েছেন সে সকল শিক্ষার্থীদেরকে সংযুক্ত তালিকা অনুযায়ী আগামী ১৩ ও ১৪ আগস্ট, ২০২৩ তারিখ রোজ রবিবার ও সোমবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত 'ফি' পরিশোধ করে নিম্নে উল্লেখিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (ইঞ্জিঃ/সম্মান), বি.বি.এ., বিএসএস ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' (প্রাথমিক ভর্তির সময় জমাকৃত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা সমন্বয় পূর্বক) এর পরিমান নিম্নে দেয়া হলোঃ

| ক্রমিক নং | বিভাগের নাম | বিশ্ববিদ্যালয় ফি (টাকায়) | প্রাথমিক জমাকৃত (টাকায়) | প্রাথমিক জমাকৃত টাকা ব্যতীত বিশ্ববিদ্যালয় ফি | বিভাগ ও অনুষদ উন্নয়ন ফি (৩০০০+৫০০) | চূড়ান্ত ভর্তির জন্য প্রদেয় টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ১৩৪৫৭.৫০ | ৫০০০.০০ | ৮৪৫৭.৫০ | ৩৫০০.০০ | ১১৯৫৭.৫০ |
| ০২ | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) | ১৩১৫৫.০০ | ৫০০০.০০ | ৮১৫৫.০০ | ৩৫০০.০০ | ১১৬৫৫.০০ |
| ০৩ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) | ১৩২৬৫.০০ | ৫০০০.০০ | ৮২৬৫.০০ | ৩৫০০.০০ | ১১৭৬৫.০০ |
| ০৪ | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম) | ১৩৪৮৫.০০ | ৫০০০.০০ | ৮৪৮৫.০০ | ৩৫০০.০০ | ১১৯৮৫.০০ |
| ০৫ | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস) | ১৩২৬৫.০০ | ৫০০০.০০ | ৮২৬৫.০০ | ৩৫০০.০০ | ১১৭৬৫.০০ |
| ০৬ | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশল সায়েন্স (এফটিএনএস) | ১৩৪৮৫.০০ | ৫০০০.০০ | ৮৪৮৫.০০ | ৩৫০০.০০ | ১১৯৮৫.০০ |
| ০৭ | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) | ১৩৩৭৫.০০ | ৫০০০.০০ | ৮৩৭৫.০০ | ৩৫০০.০০ | ১১৮৭৫.০০ |
| ০৮ | ফার্মেসী | ১৩৪৮৫.০০ | ৫০০০.০০ | ৮৪৮৫.০০ | ৩৫০০.০০ | ১১৯৮৫.০০ |
| ০৯ | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) | ১৩২৬৫.০০ | ৫০০০.০০ | ৮২৬৫.০০ | ৩৫০০.০০ | ১১৭৬৫.০০ |
| ১০ | রসায়ন | ১৩৫৪০.০০ | ৫০০০.০০ | ৮৫৪০.০০ | ৩৫০০.০০ | ১২০৪০.০০ |
| ১১ | গণিত | ১৩৪৮৫.০০ | ৫০০০.০০ | ৮৪৮৫.০০ | ৩৫০০.০০ | ১১৯৮৫.০০ |
| ১২ | পদার্থবিজ্ঞান | ১৩৪৮৫.০০ | ৫০০০.০০ | ৮৪৮৫.০০ | ৩৫০০.০০ | ১১৯৮৫.০০ |
| ১৩ | পরিসংখ্যান | ১৩৩৭৫.০০ | ৫০০০.০০ | ৮৩৭৫.০০ | ৩৫০০.০০ | ১১৮৭৫.০০ |
| ১৪ | অর্থনীতি | ১২৯৩৫.০০ | ৫০০০.০০ | ৭৯৩৫.০০ | ৩৫০০.০০ | ১১৪৩৫.০০ |
| ১৫ | হিসাববিজ্ঞান | ১৩০৪৫.০০ | ৫০০০.০০ | ৮০৪৫.০০ | ৩৫০০.০০ | ১১৫৪৫.০০ |
| ১৬ | ব্যবস্থাপনা | ১৩০৪৫.০০ | ৫০০০.০০ | ৮০৪৫.০০ | ৩৫০০.০০ | ১১৫৪৫.০০ |

**ক) ভর্তি ফি সমূহঃ**

(১) বিশ্ববিদ্যালয় নির্ধারিত 'ফি' সমূহ বিশ্ববিদ্যালয়ের STD হিসাব নং ৬০৩০১১০০০০০০১, সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিতে হবে।

(২) বিভাগ ও অনুষদ উন্নয়ন 'ফি' বাবদ ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান-এর ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। চেয়ারম্যান-এর ব্যাংক একাউন্ট নম্বর সংশ্লিষ্ট বিভাগীয় অফিস থেকে সংগ্রহ করতে হবে।

**খ) ভর্তির সময় সকল শিক্ষার্থীদের নিম্নেবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে ঃ**

(১) প্রাথমিক ভর্তির সময় নম্বরপত্রসমূহ দাখিলের রশিদ।

(২) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

(৩) শিক্ষাগত যোগ্যতার সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

(৪) সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৫ (পাঁচ) কপি রঙিন সত্যায়িত ছবি এবং স্ট্যাম্প সাইজ ০১ (এক) কপি রঙিন ছবি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

**গ) মুক্তিযোদ্ধা, উপজাতি ও পোষ্য কোটার শিক্ষার্থীদের ভর্তির সময় নিম্নেবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে ঃ**

(১) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়-এর ২০ জুলাই ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-৩২৭ নং পত্র অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সাময়িক সনদ ও গেজেট/ প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকার ফটোকপি।

(২) মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে পিতার এস.এস.সি. সনদ/জাতীয় পরিচয়পত্র/বিবাহের কাবিন নামা/জন্মসনদ-এর ফটোকপি।

(৩) মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর কোটায় সাক্ষাৎকারের জন্য যারা মনোনীত হয়েছে তাদেরকে দাদা-দাদী/নানা-নানীর সন্তানের সন্তান পরিচয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে হবে। যেমন: নানার ক্ষেত্রে মায়ের এস.এস.সি. সনদ/বিয়ের কাবিন নামা/মায়ের জন্ম সনদ/মায়ের জাতীয় পরিচয়পত্র (নানার নাম জাতীয় পরিচয়পত্রে থাকা সাপেক্ষে), দাদার ক্ষেত্রে বাবার এস.এস.সি. সনদ/ জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ এবং যথাযথ ওয়ারিশ সনদ -এর ফটোকপি।

(৪) উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থীদের স্ব-স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক-এর নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের ফটোকপি।

(৫) পোষ্য কোটার ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠানের চাকুরীর সনদ/ জন্ম নিবন্ধন সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে কাবিন নামার ফটোকপি।

বি. দ্র. মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটার শিক্ষার্থীদের ভর্তির সময় নিজ ব্যবস্থাপনায় ৩০০.০০ টাকা (১০০.০০ টাকা করে প্রতিটি) মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে (অঙ্গীকারনামার লেখা সংশ্লিষ্ট ডিন অফিস কর্তৃক প্রদান করা হবে)।

উল্লেখ্য যে, সকল শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ পূর্বক স্ব-হস্তে পূরণ করে বিভাগীয় চেয়ারম্যান-এর স্বাক্ষর সংগ্রহ করে উপরোক্ত ফি সমূহ সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত সময়ে জমা দিয়ে উপরে উল্লেখিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগে ভর্তি ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

**কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

০১। চেয়ারম্যান, সিএসই/আইসিটি/টিই/ইএসআরএম/সিপিএস/ এফটিএনএস/বিজিই/বিএমবি/ফার্মেসী/রসায়ন/পদার্থবিজ্ঞান/ গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা বিভাগ, মাভাবিপ্রবি।
০২। পরিচালক (হিসাব), হিসাব অফিস, মাভাবিপ্রবি।
০৩। উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। উপ-রেজিস্ট্রার, ট্রেজারার অফিস, মাভাবিপ্রবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
০৭। উপ-রেজিস্ট্রার, সকল ডিন অফিস, মাভাবিপ্রবি।
০৮। উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
০৯। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল।
১০। নথি।